গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

স্মারক নং: ৩৭.২৬.০০০০.০০০.৩২.০০১.২২-১৭৫

১৫ই পৌষ ১৪৩১
তারিখ : ................
৩০শে ডিসেম্বর ২০২৪

**বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) গবেষণা বৃত্তির জন্য চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত গবেষকদের অনুকূলে জারিকৃত আদেশসমূহ মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা-এর ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরের বাজেটের আওতায় ফেলোশিপ গবেষণা, পিএইচডি গবেষণা, এমফিল গবেষণা ও পেশাগত গবেষণা ক্যাটেগরিতে গবেষণা বৃত্তির জন্য মনোনয়ন প্রদান করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে, চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত গবেষকদের অনুকূলে জারিকৃত আদেশসমূহ মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা-এর ওয়েবসাইটে আপলোড করা প্রয়োজন।

২। বর্ণিত অবস্থায়, এতদ্‌সঙ্গে সংযুক্ত ২০২৪-২০২৫ অর্থবছরে আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) গবেষণা বৃত্তির জন্য চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত গবেষকদের অনুকূলে জারিকৃত আদেশসমূহ মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা-এর ওয়েবসাইটে অবিলম্বে আপলোড করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

**সংযুক্তি:** ২০২৪-২০২৫ অর্থবছরে ফেলোশিপ, পিএইচডি, এমফিল ও পেশাগত গবেষণা ক্যাটেগরিতে আমাই গবেষণা বৃত্তি প্রদানের জন্য চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত গবেষকদের জারিকৃত আদেশসমূহ।

30.12.2024

(ড. মুহাম্মদ আসাদুজ্জামান)
পরিচালক
ফোন: ০২-৮৩৯১৩৪৬
ই-মেইল: imli.moebd@gmail.com

সিনিয়র সিস্টেম এনালিস্ট
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

অনুলিপি:

১. পিএ টু পরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) -- পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
২. পিএ টু অতিরিক্ত পরিচালক (প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) – অতিরিক্ত পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৩. পিএ টু অতিরিক্ত পরিচালক (ভাষা, গবেষণা ও পরিকল্পনা), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) – অতিরিক্ত পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
১/ক সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

স্মারক নং: ৩৭.২৬.০০০০.০০০.৩২.০০১.২২-৯৯৩

তারিখ : ১৪ই পৌষ ১৪৩১
২৯শে ডিসেম্বর ২০২৪

**বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরে ফেলোশিপ গবেষণা ক্যাটেগরিতে আমাই গবেষণা বৃত্তি প্রদানের জন্য চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত গবেষক।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) কর্তৃক প্রণীত ফেলোশিপ গবেষণার বিদ্যমান নীতিমালার শর্তানুযায়ী ফেলোশিপ গবেষণাকর্ম সম্পাদনের লক্ষ্যে গবেষণা বৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নোক্ত গবেষকগণকে চূড়ান্তভাবে মনোনয়ন দেওয়া হলো-

| ক্রম | চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত গবেষকগণের নাম ও ঠিকানা | গবেষণার শিরোনাম | গবেষণার মেয়াদ |
|---|---|---|---|
| ১. | ড. গোলাম রাব্বানী<br>অধ্যাপক, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয় | Language and Culture of the Tripura Community in Bangladesh: Problems and Prospects | ২ বছর |
| ২. | ড. লুৎফর রহমান<br>অধ্যাপক, নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ<br>জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় | ব্রহ্মপুত্র অববাহিকার ভাঙনপ্রবণ অঞ্চলের ঔপভাষিক বৈচিত্র্য: একটি সমাজতাত্ত্বিক পর্যালোচনা | ২ বছর |
| ৩. | ড. সিকদার মনোয়ার মুর্শেদ<br>অধ্যাপক, ভাষাবিজ্ঞান বিভাগ<br>ঢাকা বিশ্ববিদ্যালয় | The Inclusion of Santali Community for the Basic Oral Language Documentation (BOLD): Creating A BOLD Based Database | ২ বছর |
| ৪. | ড. এসএম আরিফ মাহমুদ<br>অধ্যাপক, নৃবিজ্ঞান বিভাগ<br>ঢাকা বিশ্ববিদ্যালয় | Documentation of the Languages of Munda and Mahali Communities of the Barind Region of Bangladesh | ২ বছর |
| ৫. | ড. সুলতান মাহমুদ ভুঁইয়া<br>পরিচালক, প্রাইভেট বিশ্ববিদ্যালয় বিভাগ<br>বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন | শিক্ষা শব্দাবলি সংকলন ও সম্পাদনা | ২ বছর |
| ৬. | ড. আবদুল্লাহ আল মাসুম<br>সহকারী অধ্যাপক, ইন্টারনাল মেডিসিন বিভাগ<br>বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় | Development of a Bilingual (Bangla-English) Medical Terminology and Symptom Database Incorporating Regional Language Variations in Sylhet | ২ বছর |
| ৭. | ড. মনসুর আহমেদ<br>সহকারী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান)<br>বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি)<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা<br>সংযুক্ত: বগুড়া সরকারি কলেজ, বগুড়া | Linguistic Capital of the Oraon Ethnic Community at the Northern Districts of Bangladesh: Access to Education, Information and Economic Sphere | ২ বছর |
| ৮. | ড. মোহাম্মদ খলিলুর রহমান<br>সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ<br>দারুল ইসলাম ফাজিল (ডিগ্রী) মাদ্রাসা, সিন্দুরিয়া, নয়ারহাট, আশুলিয়া, সাভার, ঢাকা | Investigating the Teaching of English Writing and Speaking Skills to the Fazil Pass Course Students in Bangladesh | ২ বছর |

### আমাই ফেলোশিপ গবেষণা বৃত্তি ২০২৪-২০২৫-এ যোগদানের শর্তাবলি

২০২৪-২০২৫ অর্থবছরের বাজেটের আওতায় আমাই ফেলোশিপ গবেষণা ক্যাটেগরিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে গবেষণা বৃত্তির জন্য মনোনীত করা হয়েছে।

২। ফেলোশিপ গবেষণা বৃত্তির জন্য যোগদানের শর্তাবলি:

(ক) যোগদানের সময় গবেষককে আমাই কর্তৃক প্রণীত চুক্তিনামা (সংযোজনী-৪ক) অনুযায়ী দ্বিপক্ষীয়ভাবে আমাই (প্রথম পক্ষ) ও গবেষক (দ্বিতীয় পক্ষ)-এর মধ্যে তিনশত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র এবং জামানতনামা (চুক্তি সম্পাদনকালে আমাই কর্তৃক নির্ধারিত ফরম্যাটে তিনশত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে) সম্পাদন করতে হবে;

(খ) গবেষককে গবেষণা শেষে Dissertation/Thesis-এর সাথে একটি Soft কপি .pdf Format আকারে আমাই গবেষণা শাখায় জমা দিতে হবে;

(গ) স্টাডি প্লান, গবেষণা শিরোনাম বা সুপারভাইজার পরিবর্তনের প্রয়োজন হলে আমাই গবেষণা শাখা হতে পূর্বানুমতি গ্রহণ করতে হবে;

(ঘ) আমাই-এর অনুমতি ব্যতিরেকে গবেষক এ গবেষণা কাজের জন্য অন্য কোন সংস্থা/সূত্র থেকে আর্থিক অনুদান বা বৃত্তি ভোগ করতে পারবেন না;

(ঙ) গবেষককে নির্দিষ্ট সময়ে রিপোর্ট জমা দিতে হবে। সেই সাথে কমপক্ষে ০১ (এক) টি Peer-Reviewed Journal Paper অথবা Conference Paper (Index Preferably) অবশ্যই প্রকাশ করতে হবে। অন্যথায় আমাই গবেষণা নীতিমালা ২০২২-এর নিয়মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) গবেষককে একমাসের বেশি সময়ের জন্য বিদেশে যেতে হলে আমাই-এর গবেষণা শাখা থেকে পূর্বানুমতি প্রয়োজন হবে;

(ছ) ফেলোশিপ গবেষণার জন্য আর্থিক মঞ্জুরি ০৩ কিস্তিতে প্রদান করা হবে। প্রথম কিস্তি (৪০%) গবেষণা কাজের অগ্রগতি সংক্রান্ত প্রথম সেমিনার প্রদানের পরে; দ্বিতীয় কিস্তি (৩০%) মধ্যবর্তী সময়ের সেমিনার প্রদানের শেষে এবং অবশিষ্ট কিস্তি সর্বশেষ সেমিনারের ভিত্তিতে (৩০%) চূড়ান্ত রিপোর্ট/অভিসন্দর্ভ জমাদান ও বহির্মূল্যায়নকারী কর্তৃক মূল্যায়ন রিপোর্ট প্রাপ্তির পর প্রদান করা হবে। গবেষণা মঞ্জুরি বরাদ্দ দেওয়ার নিমিত্ত প্রয়োজনীয় কাগজপত্র গবেষক জমা দিতে বাধ্য থাকবেন।

(জ) ফেলোশিপ গবেষণার ক্ষেত্রে প্রথম কিস্তির (দ্বিতীয় বা সকল কিস্তিসহ) অর্থ হইতে সর্বোচ্চ ৫০% অর্থ গবেষক/সহ-গবেষক, তত্ত্বাবধায়ক ও গবেষণা সহযোগী/সহকারীগণ সম্মানি হিসাবে ব্যয় করতে পারবেন এবং অবশিষ্ট ৫০% অর্থ গবেষণা কাজে ব্যয় করতে হবে। সেমিনারসমূহ এবং সংশ্লিষ্ট যাবতীয় ব্যয় আমাই-এর গবেষণা খাত/উপখাত হতে নির্বাহ করা হবে এবং এই সংক্রান্ত সম্মানি ও যাবতীয় ব্যয় সমন্বয়পূর্বক অর্থ শাখা হতে অবশিষ্ট অর্থ ছাড় করা হবে। গবেষণার শুরুতে ফেলোশিপ গবেষণার গবেষক আমাই গবেষণা নীতিমালা ২০২২-এর উপানুচ্ছেদ ৫.৬-এর আলোকে খাত-উপখাতসহ বাজেট বিভাজনপূর্বক গবেষণাকর্মের ০৩ প্রস্ত সম্ভাব্য গবেষণা বাজেট প্রস্তুতপূর্বক আমাই-এর গবেষণা শাখায় জমা দেবেন।

(ঝ) গবেষকগণ আমাই গবেষণা শাখায় যেকোনো যোগাযোগের ক্ষেত্রে যোগদান পত্রে প্রদত্ত স্মারক নম্বর অবশ্যই উল্লেখ করবেন।

৩। উপরে বর্ণিত শর্তাবলি মেনে আমাই ফেলোশিপ-এ যোগদান করতে সম্মত থাকলে আগামী ০১/০১/২০২৫ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ উপপরিচালক, গবেষণা অনুবিভাগ, আমাই বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

২৯।১২।২০২৪

(শারমিন জাহান শিমুল)
উপপরিচালক (গবেষণা)
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

**বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১. ড. গোলাম রাব্বানী, অধ্যাপক, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়
২. ড. লুৎফর রহমান, অধ্যাপক, নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
৩. ড. সিকদার মনোয়ার মুর্শেদ, অধ্যাপক, ভাষাবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
৪. ড. এসএম আরিফ মাহমুদ, অধ্যাপক, নৃবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
৫. ড. সুলতান মাহমুদ ভুঁইয়া, পরিচালক, প্রাইভেট বিশ্ববিদ্যালয় বিভাগ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
৬. ড. আবদুল্লাহ আল মাসুম, সহকারী অধ্যাপক, ইন্টারনাল মেডিসিন বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

৭. ড. মনসুর আহমেদ, সহকারী অধ্যাপক (রাষ্ট্রবিজ্ঞান), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা, সংযুক্ত: বগুড়া সরকারি কলেজ, বগুড়া

৮. ড. মোহাম্মদ খলিলুর রহমান, সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ, দারুল ইসলাম ফাজিল (ডিগ্রী) মাদ্রাসা, সিন্দুরিয়া, নয়ারহাট, আশুলিয়া, সাভার, ঢাকা

**অনুলিপি:**

১. পিএ টু পরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) – পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;

২. পিএ টু অতিরিক্ত পরিচালক (প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) – অতিরিক্ত পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;

৩. পিএ টু অতিরিক্ত পরিচালক (ভাষা, গবেষণা ও পরিকল্পনা), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) – অতিরিক্ত পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;

৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
১/ক সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

স্মারক নং: ৩৭.২৬.০০০০.০০০.৩২.০০১.২২-৯৯৮

১৪ই পৌষ ১৪৩১
তারিখ : ................
২৯শে ডিসেম্বর ২০২৪

**বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরে পিএইচডি গবেষণা ক্যাটেগরিতে আমাই গবেষণা বৃত্তি প্রদানের জন্য চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত গবেষক।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) কর্তৃক প্রণীত পিএইচডি গবেষণার বিদ্যমান নীতিমালার শর্তানুযায়ী পিএইচডি গবেষণাকর্ম সম্পাদনের লক্ষ্যে গবেষণা বৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নোক্ত গবেষককে চূড়ান্তভাবে মনোনয়ন দেওয়া হলো-

| ক্রম | চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত গবেষকের নাম ও ঠিকানা | গবেষণার শিরোনাম | গবেষণার মেয়াদ |
|---|---|---|---|
| ১. | জনাব মীর মোহাম্মদ মারুফ মিয়া<br>সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ<br>ভাওয়াল বদরে আলম সরকারী কলেজ<br>গাজীপুর | অন্নদাশঙ্কর রায়ের প্রবন্ধ: সাহিত্য, শিক্ষা ও রাষ্ট্রভাবনা | ২ বছর |

**আমাই পিএইচডি গবেষণা বৃত্তি ২০২৪-২০২৫-এ যোগদানের শর্তাবলি**

২০২৪-২০২৫ অর্থবছরের বাজেটের আওতায় আমাই পিএইচডি গবেষণা ক্যাটেগরিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আপনাকে গবেষণা বৃত্তির জন্য মনোনীত করা হয়েছে।

২। পিএইচডি গবেষণা বৃত্তির জন্য যোগদানের শর্তাবলি:
(ক) ফেলোশিপে যোগদানের সময় রেজিস্টার ও সুপারভাইজারের প্রতিস্বাক্ষরসহ এতদ্‌সঙ্গে সংযুক্ত Terms and Condition/শর্তাবলি-তে স্বাক্ষর করে আমাই গবেষণা শাখায় দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে;
(খ) যোগদানের সময় গবেষককে আমাই কর্তৃক প্রণীত চুক্তিনামা (সংযোজনী-৪ক) অনুযায়ী দ্বিপক্ষীয়ভাবে আমাই (প্রথম পক্ষ) ও গবেষক (দ্বিতীয় পক্ষ)-এর মধ্যে তিনশত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র এবং জামানতনামা (চুক্তি সম্পাদনকালে আমাই কর্তৃক নির্ধারিত ফরম্যাটে তিনশত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে) সম্পাদন করতে হবে;
(গ) স্টাডি প্লান, গবেষণা শিরোনাম বা সুপারভাইজার পরিবর্তনের প্রয়োজন হলে আমাই গবেষণা শাখা হতে পূর্বানুমতি গ্রহণ করতে হবে;
(ঘ) আমাই-এর অনুমতি ব্যতিরেকে গবেষক এ গবেষণা কাজের জন্য অন্য কোন সংস্থা/সূত্র থেকে আর্থিক অনুদান বা বৃত্তি ভোগ করতে পারবেন না;

(ঙ) গবেষককে নির্দিষ্ট সময়ে রিপোর্ট জমা দিতে হবে। সেই সাথে কমপক্ষে ০১ (এক) টি Peer-Reviewed Journal Paper অথবা Conference Paper (Index Preferably) অবশ্যই প্রকাশ করতে হবে। অন্যথায় আমাই গবেষণা নীতিমালা ২০২২-এর নিয়মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;

(চ) গবেষককে একমাসের বেশি সময়ের জন্য বিদেশে যেতে হলে আমাই-এর গবেষণা শাখা থেকে পূর্বানুমতি প্রয়োজন হবে;

(ছ) পিএইচডি গবেষণাকর্মের অর্থ তিন বছরের ক্ষেত্রে সমান ০৬ (ছয়) অথবা দুই বছরের ক্ষেত্রে সমান ০৪ (চার) কিস্তিতে প্রদান করা হবে। গবেষণার সন্তোষজনক অগ্রগতি প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে ছয় মাস অন্তর অন্তর এক কিস্তি করে প্রদান করা হবে। শেষ কিস্তির অর্থ থিসিস জমাদানপূর্বক বিশ্ববিদ্যালয়ের পিএইচডি ডিগ্রির সনদের সত্যায়িত ফটোকপি ও সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যানের প্রত্যয়নপত্র আমাই-এ জমা দেওয়ার পর প্রদান করা হবে। গবেষণা মঞ্জুরি বরাদ্দ দেওয়ার নিমিত্ত প্রয়োজনীয় কাগজপত্র গবেষক জমা দিতে বাধ্য থাকবেন। গবেষণার শুরুতে পিএইচডি গবেষণার গবেষক আমাই গবেষণা নীতিমালা ২০২২-এর অনুচ্ছেদ ৫.৬ অনুযায়ী খাত-উপখাতসহ বাজেট বিভাজনপূর্বক ০৩ প্রস্ত সম্ভাব্য গবেষণা বাজেট প্রস্তুতপূর্বক আমাই-এ জমা দিবেন।

(জ) গবেষণা কাজের চূড়ান্ত প্রতিবেদন আমাই-এর নেতৃত্বে তিন সদস্য বিশিষ্ট একটি কমিটি দ্বারা মূল্যায়িত হবে। মূল্যায়ন কমিটির পরামর্শ মোতাবেক গবেষককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩। উপরে বর্ণিত শর্তাবলি মেনে আমাই পিএইচডি ফেলোশিপ-এ যোগদান করতে সম্মত থাকলে আগামী ০১/০১/২০২৫ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ উপপরিচালক, গবেষণা অনুবিভাগ, আমাই বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

২৯/১২/২০২৪

(শারমিন জাহান শিমুল)
উপপরিচালক (গবেষণা)
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

জনাব মীর মোহাম্মদ মারুফ মিয়া
সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ
ভাওয়াল বদরে আলম সরকারী কলেজ, গাজীপুর

**অনুলিপি:**

১. পিএ টু পরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) – পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
২. পিএ টু অতিরিক্ত পরিচালক (প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) – অতিরিক্ত পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৩. পিএ টু অতিরিক্ত পরিচালক (ভাষা, গবেষণা ও পরিকল্পনা), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) – অতিরিক্ত পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
১/ক সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

স্মারক নং: ৩৭.২৬.০০০০.০০০.৩২.০০১.২২-১৯৮

১৪ই পৌষ ১৪৩১
তারিখ : ................
২৯শে ডিসেম্বর ২০২৪

**বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরে এমফিল গবেষণা ক্যাটেগরিতে আমাই গবেষণা বৃত্তি প্রদানের জন্য চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত গবেষক।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) কর্তৃক প্রণীত এমফিল গবেষণার বিদ্যমান নীতিমালার শর্তানুযায়ী এমফিল গবেষণাকর্ম সম্পাদনের লক্ষ্যে গবেষণা বৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নোক্ত গবেষককে চূড়ান্তভাবে মনোনয়ন দেওয়া হলো-

| ক্রম | চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত গবেষকের নাম ও ঠিকানা | গবেষণার শিরোনাম | গবেষণার মেয়াদ |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ নূর আলম<br>প্রভাষক, ইংরেজি বিভাগ<br>বাট্টালি ফাতেমা জহুরা মহিলা ফাজিল মাদ্রাসা, ক্ষেতলাল, জয়পুরহাট | The Role of Anthropological Linguistics in the Preservation of Language | ২ বছর |

**আমাই এমফিল গবেষণা বৃত্তি ২০২৪-২০২৫-এ যোগদানের শর্তাবলি**

২০২৪-২০২৫ অর্থবছরের বাজেটের আওতায় আমাই এমফিল গবেষণা ক্যাটেগরিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আপনাকে গবেষণা বৃত্তির জন্য মনোনীত করা হয়েছে।

২। এমফিল গবেষণা বৃত্তির জন্য যোগদানের শর্তাবলি:

(ক) ফেলোশিপে যোগদানের সময় রেজিস্টার ও সুপারভাইজারের প্রতিস্বাক্ষরসহ এতদ্‌সঙ্গে সংযুক্ত Terms and Condition/শর্তাবলি-তে স্বাক্ষর করে আমাই গবেষণা শাখায় দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে তাঁর মনোনয়ন বাতিল বলে গণ্য হবে;

(খ) যোগদানের সময় গবেষককে আমাই কর্তৃক প্রণীত চুক্তিনামা (সংযোজনী-৪ক ও ৪খ) অনুযায়ী দ্বিপক্ষীয়ভাবে আমাই (প্রথম পক্ষ) ও গবেষক (দ্বিতীয় পক্ষ)-এর মধ্যে তিনশত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র এবং জামানতনামা (চুক্তি সম্পাদনকালে আমাই কর্তৃক নির্ধারিত ফরম্যাটে তিনশত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে) সম্পাদন করতে হবে;

(গ) গবেষককে গবেষণা শেষে Dissertation/Thesis-এর সাথে একটি Soft কপি .pdf Format আকারে আমাই গবেষণা শাখায় জমা দিতে হবে;

(ঘ) স্টাডি প্লান, গবেষণা শিরোনাম বা সুপারভাইজার পরিবর্তনের প্রয়োজন হলে আমাই গবেষণা শাখা হতে পূর্বানুমতি গ্রহণ করতে হবে;

(ঙ) আমাই-এর অনুমতি ব্যতিরেকে গবেষক এ গবেষণা কাজের জন্য অন্য কোন সংস্থা/সূত্র থেকে আর্থিক অনুদান বা বৃত্তি ভোগ করতে পারবেন না;

(চ) নির্ধারিত সময়ের মধ্যে থিসিস জমা দিতে হবে ও ডিগ্রি অর্জন করতে হবে। অন্যথায় আমাই গবেষণা নীতিমালা ২০২২-এর নিয়মানুযায়ী তাঁর ফেলোশিপ বাতিলপূর্বক অর্থ আদায়ের ব্যবস্থা নেওয়া হবে;

(ছ) গবেষককে একমাসের বেশি সময়ের জন্য বিদেশে যেতে হলে আমাই-এর গবেষণা শাখা থেকে পূর্বানুমতি প্রয়োজন হবে;

(জ) এমফিল গবেষণার ফেলোশিপের অর্থ তত্ত্বাবধায়কের সন্তোষজনক অগ্রগতি প্রতিবেদন প্রাপ্তি সাপেক্ষে ছয় মাস অন্তর সমান ০৪ কিস্তিতে ফেলোশিপ সম্মানী ছাড় করা হবে। ১ম কিস্তির অর্থ গবেষণার অগ্রগতি সম্পর্কিত তত্ত্বাবধায়ক/সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি ও প্রারম্ভিক উপস্থাপনা প্রদান সাপেক্ষে ছাড় করা হবে। এবং শেষ কিস্তির অর্থ থিসিস জমাদানপূর্বক বিশ্ববিদ্যালয়ের এমফিল ডিগ্রির সনদের সত্যায়িত ফটোকপি ও সংশ্লিষ্ট বিভাগের চেয়ারম্যানের প্রত্যয়নপত্র আমাই-এ দাখিলের পর প্রদান করা হবে। গবেষণা মঞ্জুরি বরাদ্দ দেওয়ার নিমিত্ত প্রয়োজনীয় কাগজপত্র গবেষক জমা দিতে বাধ্য থাকবেন।

(ঝ) বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক নির্ধারিত সেমিনারের অতিরিক্ত ০১ টি সেমিনার আমাই-এর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে আমাই-এ আয়োজন করতে হবে এবং এই সেমিনার আয়োজন সংক্রান্ত ব্যয় ও আমাই গবেষণা নীতিমালা ২০২২-এর উপানুচ্ছেদ ৫.৬-এর 'গ'-এ বর্ণিত হারে সম্মানি আমাই-এর গবেষণা খাত/উপখাত হইতে নির্বাহ করা হবে। গবেষণার শুরুতে এমফিল গবেষক অনুচ্ছেদ ৫.৬-এর আলোকে খাত-উপখাতসহ বাজেট বিভাজনপূর্বক ০৩ প্রস্ত সম্ভাব্য গবেষণা বাজেট আমাই-এর গবেষণা শাখায় জমা দেবেন।

(ঞ) তত্ত্বাবধায়কগণ উক্ত গবেষণাকর্ম তত্ত্বাবধানের সম্মানীর অর্থ স্ব-স্ব বিশ্ববিদ্যালয় থেকে গ্রহণ করবেন;

(ট) গবেষকগণ আমাই গবেষণা শাখায় যেকোনো যোগাযোগের ক্ষেত্রে যোগদান পত্রে প্রদত্ত স্মারক নম্বর অবশ্যই উল্লেখ করবেন।

৩। উপরে বর্ণিত শর্তাবলি মেনে আমাই এমফিল ফেলোশিপ-এ যোগদান করতে সম্মত থাকলে আগামী ০১/০১/২০২৫ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ উপপরিচালক, গবেষণা অনুবিভাগ, আমাই বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

২৯/১২/২০২৪

(শারমিন জাহান শিমুল)
উপপরিচালক (গবেষণা)
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

জনাব মোঃ নূর আলম
প্রভাষক, ইংরেজি বিভাগ
বাট্টালি ফাতেমা জহরা মহিলা ফাজিল মাদ্রাসা
ক্ষেতলাল, জয়পুরহাট

**অনুলিপি:**

১. পিএ টু পরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) – পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
২. পিএ টু অতিরিক্ত পরিচালক (প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) – অতিরিক্ত পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৩. পিএ টু অতিরিক্ত পরিচালক (ভাষা, গবেষণা ও পরিকল্পনা), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) – অতিরিক্ত পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
১/ক সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.imli.gov.bd

স্মারক নং: ৩৭.২৬.০০০০.০০০.৩২.০০১.২২-১৯৬

১৪ই পৌষ ১৪৩১
তারিখ : ................
২৯শে ডিসেম্বর ২০২৪

**বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরে পেশাগত গবেষণা ক্যাটেগরিতে আমাই গবেষণা বৃত্তি প্রদানের জন্য চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত গবেষক।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) কর্তৃক প্রণীত পেশাগত গবেষণার বিদ্যমান নীতিমালার শর্তানুযায়ী পেশাগত গবেষণাকর্ম সম্পাদনের লক্ষ্যে গবেষণা বৃত্তি প্রদানের নিমিত্ত নিম্নোক্ত গবেষকগণকে চূড়ান্তভাবে মনোনয়ন দেওয়া হলো-

| ক্রম | চূড়ান্ত মনোনয়নপ্রাপ্ত গবেষকগণের নাম ও ঠিকানা | গবেষণার শিরোনাম | গবেষণার মেয়াদ |
|---|---|---|---|
| ১. | জনাব শেখ শামীম ইসলাম<br>উপপরিচালক<br>আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) | Factors Affectiong Language's Extinction: A Case Study on Ethnic Minority Languages of Mymensingh | ১০ মাস |
| ২. | জনাব নাজনীন সুলতানা<br>সহকারী পরিচালক<br>আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) | বাংলা ভাষা ও সাহিত্যে উর্দুর প্রভাব | ১০ মাস |

## আমাই পেশাগত গবেষণা বৃত্তি ২০২৪-২০২৫-এ যোগদানের শর্তাবলি

২০২৪-২০২৫ অর্থবছরের বাজেটের আওতায় আমাই পেশাগত গবেষণা ক্যাটেগরিতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে গবেষণা বৃত্তির জন্য মনোনীত করা হয়েছে।

২। পেশাগত গবেষণা বৃত্তির জন্য যোগদানের শর্তাবলি:

(ক) যোগদানের সময় গবেষককে আমাই কর্তৃক প্রণীত চুক্তিনামা (সংযোজনী-৪ক ও ৪খ) অনুযায়ী দ্বিপক্ষীয়ভাবে আমাই (প্রথম পক্ষ) ও গবেষক (দ্বিতীয় পক্ষ)-এর মধ্যে তিনশত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র এবং জামানতনামা (চুক্তি সম্পাদনকালে আমাই কর্তৃক নির্ধারিত ফরম্যাটে তিনশত টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে) সম্পাদন করতে হবে;

(খ) গবেষককে গবেষণা শেষে Dissertation/Thesis-এর সাথে একটি Soft কপি .pdf Format আকারে আমাই গবেষণা শাখায় জমা দিতে হবে;

(গ) স্টাডি প্লান, গবেষণা শিরোনাম বা সুপারভাইজার পরিবর্তনের প্রয়োজন হলে আমাই গবেষণা শাখা হতে পূর্বানুমতি গ্রহণ করতে হবে;

(ঘ) আমাই-এর অনুমতি ব্যতিরেকে গবেষক এ গবেষণা কাজের জন্য অন্য কোন সংস্থা/সূত্র থেকে আর্থিক অনুদান বা বৃত্তি ভোগ করতে পারবেন না;

(ঙ) নির্ধারিত সময়ের মধ্যে থিসিস জমা দিতে হবে ও ডিগ্রি অর্জন করতে হবে। অন্যথায় আমাই গবেষণা নীতিমালা ২০২২-এর নিয়মানুযায়ী তাঁর ফেলোশিপ বাতিলপূর্বক অর্থ আদায়ের ব্যবস্থা নেওয়া হবে;

(চ) গবেষককে একমাসের বেশি সময়ের জন্য বিদেশে যেতে হলে আমাই-এর গবেষণা শাখা থেকে পূর্বানুমতি প্রয়োজন হবে;

(ছ) পেশাগত ক্যাটেগরির গবেষণার ক্ষেত্রে অডিট লাইন ও কর্মপরিকল্পনা প্রাপ্তি ও প্রারম্ভিক উপস্থাপনা প্রদানের পর বরাদ্দ তহবিলের ১ম কিস্তির টাকা ছাড় করা হবে। গবেষণা প্রতিবেদন অন্যূন দুইটি সেমিনারে উপস্থাপন, সেমিনারের সুপারিশের ভিত্তিতে গবেষণা প্রতিবেদন সংশোধন এবং বহির্মূল্যায়নকারীর মতামত প্রাপ্তি সাপেক্ষে ২য় বা সর্বশেষ কিস্তির অর্থ ছাড় করা হবে। পূর্বে গৃহীত অর্থের সমন্বয় না করা পর্যন্ত পরবর্তী কিস্তির অর্থ প্রদান করা হবে না। গবেষণা মঞ্জুরি বরাদ্দ দেওয়ার নিমিত্ত প্রয়োজনীয় কাগজপত্র গবেষক জমা দিতে বাধ্য থাকবেন।

(জ) পেশাগত গবেষণার ক্ষেত্রে প্রথম কিস্তির (দ্বিতীয় বা সকল কিস্তিসহ) অর্থ হইতে সর্বোচ্চ ৫০% অর্থ গবেষক/সহ-গবেষক, তত্ত্বাবধায়ক ও গবেষণা সহযোগী/সহকারীগণ সম্মানি হিসাবে ব্যয় করতে পারবেন এবং অবশিষ্ট ৫০% অর্থ গবেষণা কাজে ব্যয় করতে হবে। সেমিনারসমূহ এবং সংশ্লিষ্ট যাবতীয় ব্যয় আমাই-এর গবেষণা খাত/উপখাত হতে নির্বাহ করা হবে এবং এই সংক্রান্ত সম্মানি ও যাবতীয় ব্যয় সমন্বয়পূর্বক অর্থ শাখা হতে অবশিষ্ট অর্থ ছাড় করা হবে। গবেষণার শুরুতে ফেলোশিপ গবেষণার গবেষক আমাই গবেষণা নীতিমালা ২০২২-এর উপানুচ্ছেদ ৫.৬-এর আলোকে খাত-উপখাতসহ বাজেট বিভাজনপূর্বক গবেষণাকর্মের ০৩ প্রস্ত সম্ভাব্য গবেষণা বাজেট প্রস্তুতপূর্বক আমাই-এর গবেষণা শাখায় জমা দেবেন।

(ঝ) গবেষকগণ আমাই গবেষণা শাখায় যেকোনো যোগাযোগের ক্ষেত্রে যোগদান পত্রে প্রদত্ত স্মারক নম্বর অবশ্যই উল্লেখ করবেন।

৩। উপরে বর্ণিত শর্তাবলি মেনে আমাই পেশাগত ফেলোশিপ-এ যোগদান করতে সম্মত থাকলে আগামী ০১/০১/২০২৫ তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ উপপরিচালক, গবেষণা অনুবিভাগ, আমাই বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

২৯/১২/২০২৪

(শারমিন জাহান শিমুল)
উপপরিচালক (গবেষণা)
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

**বিতরণ:**

১. জনাব শেখ শামীম ইসলাম, উপপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)
২. জনাব নাজনীন সুলতানা, সহকারী পরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই)

**অনুলিপি:**

১. পিএ টু পরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) – পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
২. পিএ টু অতিরিক্ত পরিচালক (প্রশাসন, অর্থ ও প্রশিক্ষণ), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) – অতিরিক্ত পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৩. পিএ টু অতিরিক্ত পরিচালক (ভাষা, গবেষণা ও পরিকল্পনা), আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) – অতিরিক্ত পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৪. অফিস কপি।